

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৫২২


তারিখ: ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : বেসরকারি ব্যবস্থাপনায় প্রেরিতব্য হজযাত্রীদের জন্য মক্কা ও মদিনায় বাড়ি/হোটেল ভাড়া করণ।
সূত্র: হজ অফিস, জেদ্দার স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৭.০০১.২৩.২২২; তারিখ: ০৬.০৪.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৪৪৪ হিজরি/২০২৩ খ্রি. হজ মৌসুমে বেসরকারি ব্যবস্থাপনার প্রেরিতব্য হজযাত্রীদের জন্য মক্কা ও মদিনা বাড়ি/হোটেল ভাড়াসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় হতে তাগিদ দেয়া হয়েছে। হজ চুক্তি ৪র্থ অনুচ্ছেদের উপঅনুচ্ছেদ-০৩ অনুযায়ী ১৩.০৪.২০২৩ খ্রি. এর মধ্যে বাড়ি ভাড়াসহ অন্যান্য সেবা সংক্রান্ত চুক্তি সম্পাদন করতে হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব সৌদি আরব সফরকালে রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের সচিব (জিয়ারা) সাথে সৌজন্য সাক্ষাৎকালে বিষয়টি উপর গুরুত্বারোপ করে বলেন, ২০ রমজানের মধ্যে সকল এজেন্সি মক্কা ও মদিনায় বাড়ি/হোটেল ভাড়া সম্পন্ন করতে হবে। এ বছর মদিনায় আল মাসানে (বাঙ্গালী মার্কেট) এবং বাবুত তামার এলাকা রমজানের পর ভেঙ্গে ফেলা হবে। ইতোমধ্যে উক্ত এলাকার চতুর্দিক স্থায়ীভাবে বন্ধ করা হয়েছে। এ এলাকার কোন বাড়ি/হোটেলের সাথে চুক্তি না করার জন্য অনুরোধ করা হয়েছে। ফলে মদিনায় আবাসন সংকট হতে পারে।

০২। এমতাবস্থায়, বেসরকারি ব্যবস্থাপনায় প্রেরিতব্য হজযাত্রীদের জন্য জরুরিভিত্তিতে মক্কা ও মদিনায় বাড়ি/হোটেল ভাড়া সম্পন্ন করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


২০.০৪.২০২৬
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
morahajsection@gmail.com


স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/
ব্যবস্থাপনা অংশীদার.....(সকল এজেন্সি)

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৫২২

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. পরিচালক, হজ অফিস, ঢাকা
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী সদয় অবগতির জন্য)
৪. সচিব এর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সভাপতি, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা (সকল এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি।


২০.০৪.২০২৬
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব